# প্রথম অধ্যায়

## ১.০ শিরোনাম

এ নীতিমালা "বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা ২০১৮" নামে অভিহিত হবে।

## ১.১ নীতিমালায় ব্যবহৃত সংজ্ঞাসমূহ

(ক) "হেডকোয়ার্টার্স" অর্থ বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স।

(খ) "গবেষণা কমিটি" অর্থ বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ২.৩-এ বর্ণিত গবেষণা কমিটি।

(গ) "গবেষণার ক্ষেত্র" অর্থ বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ২.২-এ বর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহ।

(ঘ) "সভাপতি" অর্থ বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ২.৩-এ বর্ণিত গবেষণা কমিটির সভাপতি।

(ঙ) "সাবজেক্ট ম্যাটার এক্সপার্ট" বলতে বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ২য় অধ্যায়ে ২.১৬ এ উল্লেখিত কর্মকর্তাকে বোঝাবে।

(চ) "গবেষণা তহবিল" বলতে বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ৫.২-এ বর্ণিত গবেষণা তহবিল।

(ছ) "ফেলোশিপ" অর্থ বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ৪.১-এ বর্ণিত গবেষণা কর্মের জন্য প্রদত্ত ফেলোশিপ।

(জ) "ফিল্ড লিয়াজোঁ অফিসার" অর্থ বাংলাদেশ গবেষণা নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ২.১৭ এ বর্ণিত পুলিশ কর্মকর্তাকে বোঝাবে।

## ১.২ গবেষণা নীতিমালার উদ্দেশ্য

গবেষণা নীতিমালার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) নিরাপত্তা (জাতীয় ও আন্তর্জাতিক) সংক্রান্ত, অপরাধ ও অপরাধী সংশ্লিষ্ট এবং সমসাময়িক পুলিশিং বিষয়ে গবেষণায় আগ্রহী গবেষক/গবেষণা প্রতিষ্ঠান এবং বাংলাদেশ পুলিশের কর্মকর্তাদের গবেষণা কার্যক্রমে উদ্বুদ্ধ ও সম্পৃক্তকরণ;

(খ) বাংলাদেশ পুলিশের নীতি, পরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণে বস্তুনিষ্ঠ তথ্য-উপাত্ত ও প্রায়োগিক সুপারিশ প্রদান;

(গ) জননিরাপত্তা, পুলিশের আইনি সেবা, প্রশাসনিক ও অপারেশনাল কার্যক্রম ইত্যাদি সংক্রান্ত গবেষণার জন্য অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ, শিরোনাম নির্বাচনের ক্ষেত্রে প্রাসঙ্গিকতা ও প্রায়োগিক উপযোগিতার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ;

(ঘ) বাংলাদেশ পুলিশের জনবল ব্যবস্থাপনা, বিন্যাস, প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও প্রশিক্ষণের উৎকর্ষ বৃদ্ধির লক্ষ্যে পুলিশের বিভিন্ন ইউনিটকে গবেষণার ক্ষেত্রে বাজেট বরাদ্দসহ কারিগরি ও বুদ্ধিবৃত্তিক সহায়তা প্রদান;

(ঙ) পুলিশ কর্মকর্তাদের গবেষণার সক্ষমতা বৃদ্ধির প্রাতিষ্ঠানিক অনুকূলক্ষেত্র প্রস্তুতকরণ;

(চ) অনুচ্ছেদ ৫.২ এর (ক), (খ) এবং (গ) এ বর্ণিত তহবিলসমূহ থেকে প্রাপ্ত অর্থ হতে একটি (নির্দিষ্ট) অংশ পাবলিক বিশ্ববিদ্যালয়ের এমফিল ও পিএইচডি পর্যায়ের শিক্ষার্থীদেরকে পুলিশ সংশ্লিষ্ট বিষয়ে ফেলোশিপ প্রদান;

(ছ) বাংলাদেশ পুলিশের গবেষণা সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানের সাথে পারষ্পরিক কারিগরি ও বুদ্ধিবৃত্তিক সহযোগিতার ক্ষেত্র সৃষ্টি;

(জ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ছোট আকারের সার্ভে (Survey)/গবেষণা সম্পাদনকল্পে অনুচ্ছেদ ৫.১ এবং ৫.২ এ বর্ণিত খাত হতে অর্থ বরাদ্দ প্রদান।

(ঝ) পুলিশ কর্মকর্তা কর্তৃক ছোট আকারের (Survey)/গবেষণাকল্পে ৫.২ এ বর্ণিত খাত হতে অর্থ বরাদ্দ প্রদান।

# দ্বিতীয় অধ্যায়

## ২.০ গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা

### ২.১ গবেষণার লক্ষ্য

বাংলাদেশ পুলিশের ভিশন, মিশন, নীতি, পরিকল্পনা ও কর্মকৌশল কার্যকরীভাবে বাস্তবায়ন, জনগণের জীবন ও সম্পদের নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন, পুলিশের সাংগঠনিক কাঠামো, তদন্ত ব্যবস্থাপনা, আইনি সেবা প্রদান, সমসাময়িক চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা।

### ২.২ গবেষণাক্ষেত্র

গবেষণা কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো প্রণিধানযোগ্য হিসেবে বিবেচিত হবে ঃ

**Rights, Entitlement and Accountability**

- Police & Human Rights;
- Rights of Women & Children and Gender Issues;
- Police Accountability and Discipline;
- Relevancy of Existing Laws, Policies, Rules & Regulations;
- Victimization and Restorative Justice

**Safety and Security**

- Safer and More Secured Society;
- Police Investigation, Operation and Prosecution;
- Contemporary Public Safety Issues;
- Terrorism and Counter Terrorism;
- Transnational and Organized Crime;
- Public Order Management;
- Police & International Peacekeeping;
- National Security and Police Responsibility;
- Climate Change, Disaster Risk Management and Preparedness;
- Intelligence Management

**Service Delivery, Management and Policing Approach**

- Police Reform and Policing in Democratic Society;
- Police Deviance;
- Police Operational Autonomy and Challenges;
- Environmental Policing ;
- Police Management and Leadership,
- Change Management in Police;
- Traffic Management and Road Safety Issues;
- Human Resource & Organizational Structure;
- Infrastructure & Support Services;

- Service Delivery System;
- Police Crime Management and Measurement;
- Global Partnership & Bangladesh Police;
- Financial Management, Budget & Bangladesh Police

### Community Engagement and Social Capital

- Crime and Social Problems;
- Policing and Social Conflict;
- Community Policing

### Knowledge Management

- Information & Communication Technology;
- Capacity Building for Police Units;
- Innovation & Best Practice in Police;

উল্লিখিত বিষয়াদি ছাড়াও গবেষণা কমিটির সুপারিশক্রমে প্রাসঙ্গিক যেকোনো বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা যাবে।

## ২.৩ বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটি

বাংলাদেশ পুলিশের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য "বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটি" নামে নিম্নরূপ কমিটি থাকবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | অতিরিক্ত আইজিপি (এইচআরএম), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সভাপতি |
| (খ) | ডিআইজি (মিডিয়া এন্ড প্ল্যানিং), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (গ) | ডিআইজি (এইচআর), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (ঘ) | অতিরিক্ত ডিআইজি (ওএন্ডএম), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (ঙ) | অতিরিক্ত ডিআইজি (ট্রেনিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (চ) | অতিরিক্ত ডিআইজি (ফিন্যান্স) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (ছ) | এমডিএস (একাডেমিক এন্ড রিসার্চ), পুলিশ স্টাফ কলেজ, বাংলাদেশ | সদস্য |
| (জ) | এআইজি (প্ল্যানিং এন্ড রিসার্চ), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য সচিব |
| (ঝ) | এআইজি (ইনোভেশন এন্ড বেস্ট প্র্যাকটিস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (ঞ) | এআইজি (ইন্সপেকশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডাকোয়ার্টার্স, ঢাকা | সদস্য |
| (ট) | গবেষণা কোড সম্বলিত পুলিশ ইউনিটগুলোর প্রধান অথবা তাঁর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঠ) | কমিটির অনুমোদন সাপেক্ষে কো-অপ্টকৃত সদস্য (পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (ড) | পাবলিক অথবা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের গবেষণা সংশ্লিষ্ট জ্যেষ্ঠ অধ্যাপক | সদস্য |
| (ঢ) | কোন খ্যাতনামা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের একজন গবেষক যার অভিজ্ঞতা ১৫ বছরের নিম্নে নহে | সদস্য |

## ২.৪ গবেষণা কমিটির কার্যপরিধি

গবেষণা কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ-

(ক) বাংলাদেশ পুলিশের গবেষণা পরিচালনাকারী ইউনিটসমূহ এবং অন্যান্য পুলিশ ইউনিট ও পুলিশ সদস্যগণ কর্তৃক প্রদত্ত গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও যাচাই-বাছাই শেষে অনুমোদনের জন্য ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এঁর নিকট তালিকা উপস্থাপন;

(খ) চূড়ান্ত অনুমোদিত গবেষণা প্রস্তাবসমূহ পুলিশ হেডকোয়ার্টার্সের প্ল্যানিং এন্ড রিসার্চ শাখার মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ, তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(গ) অনুমোদিত চলমান গবেষণা প্রস্তাব বাস্তবায়নে কোনো ধরনের ব্যত্যয় দেখা দিলে তার কারণ নিরূপণসহ সহযোগিতা প্রদান এবং জবাবদিহিতা নিশ্চিতকরণ;

(ঘ) অনুচ্ছেদ ২.৫ অনুযায়ী গবেষণা প্রস্তাবের শ্রেণিবিন্যাসসহ ইউনিটসমূহ হতে প্রস্তাব আহ্বান এবং তদানুযায়ী বাজেট বরাদ্দের সুপারিশকরণ;

(ঙ) গবেষণা কার্যক্রমের উৎকর্ষ সাধন, বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ, নিরীক্ষণ ও সমন্বয় সাধনের জন্য সময় সময় সভা আহ্বান;

(চ) গবেষণা কোডসম্বলিত পুলিশ ইউনিট ও গবেষণায় আগ্রহী পুলিশ সদস্যদের গবেষণার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণে সহায়তা;

(ছ) পুলিশ বিষয়ক গবেষণা কার্যক্রমের উপর সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ আয়োজন;

(জ) গবেষণায় প্রাপ্ত ফলাফলের প্রেক্ষিতে প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের কর্মকৌশল নিরূপণ;

(ঝ) ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এঁর অনুমোদন সাপেক্ষে নির্বাচিত গবেষণাসমূহের গবেষণা প্রতিবেদন প্রকাশের নিরিখে কার্যক্রম গ্রহণ।

## ২.৫ গবেষণার শ্রেণিবিন্যাস

আর্থিক সংশ্লেষের উপর ভিত্তি করে গবেষণাসমূহের নিম্নরূপ শ্রেণি থাকবে-

| | | |
|---|---|---|
| (ক) ছোট প্রকৃতি | ঃ | ০৭ লক্ষ টাকা পর্যন্ত |
| (খ) মাঝারি প্রকৃতি | ঃ | ০৭ লক্ষ টাকার ঊর্ধ্ব হতে ২০ লক্ষ টাকা পর্যন্ত |
| (গ) বড় প্রকৃতি | ঃ | ২০ লক্ষ টাকার ঊর্ধ্বে |

## ২.৬ গবেষণা বিষয়ের প্রস্তাব

গবেষণা পরিচালনায় আগ্রহী পুলিশ ইউনিট বা সদস্যবৃন্দ কোনো বিষয়ে গবেষণার জন্য নির্দিষ্ট ফর্মে (সংযোজনী-৪) এআইজি (প্ল্যানিং এন্ড রিসার্চ) বরাবর প্রস্তাব প্রেরণ করবেন। গবেষণা প্রস্তাবের ক্ষেত্রে যৌক্তিকতা, প্রযোজ্যতা, উপযোগিতা এবং প্রাসঙ্গিকতার বিষয়াবলী সুনির্দিষ্ট হতে হবে। উক্ত প্রস্তাবের ভিত্তিতে ইউনিটসমূহের সক্ষমতা অনুযায়ী বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটির মূল্যায়ন সাপেক্ষে প্রস্তাব অনুমোদনের জন্য ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এঁর নিকট সুপারিশ করবেন।

## ২.৭ গবেষণা প্রস্তাব মূল্যায়ন পদ্ধতি

বাংলাদেশ পুলিশ গবেষণা তহবিল থেকে গবেষণার কাজে অর্থ ব্যয়ের ক্ষেত্রে চুক্তিতে আগ্রহী গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানের প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে নিম্নোক্ত গাণিতিক মানদন্ড পদ্ধতি অনুসরণ করা হবে।

### ক. গবেষক (ব্যক্তি) এর ক্ষেত্রে-

গবেষকের ক্ষেত্রে নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহের ভিত্তিতে মূল্যায়ন অনুসৃত হবে-

**গবেষকের গবেষণা কাজে নিয়োজিত থাকার সময়সীমা-১০ নম্বর**

| সময়সীমা | নম্বর |
|---|---|
| ৩-৫ বছর | ৬ |
| ৬-১০ বছর | ৭ |
| ১১-১৪ বছর | ৯ |
| ১৫ তদূর্ধ্ব বছর | ১০ |

**প্রকাশিত গবেষণা প্রবন্ধ-১৫ নম্বর**

| প্রবন্ধ সংখ্যা | নম্বর | |
|---|---|---|
| | জাতীয় | আন্তর্জাতিক |
| ১-৩ | ৫ | ৭ |
| ৪-৬ | ১০ | ১২ |
| ৭ তদূর্ধ্ব | ১৩ | ১৫ |

**গবেষকের শিক্ষাগত যোগ্যতা (গবেষণা সংশ্লিষ্ট)-১৫ নম্বর**

| ডিগ্রি | নম্বর |
|---|---|
| এমএস | ৫ |
| এমফিল গবেষক | ৭ |
| এমফিল | ১০ |
| পিএইচডি গবেষক | ১২ |
| পিএইচডি | ১৫ |

**গবেষণা প্রস্তাবের গুণগত মান-৩০ নম্বর**

| মানের নাম | নম্বর |
|---|---|
| প্রমিত মান | ৩০ |
| উত্তম মান | ২৫ |
| চলতি মান | ২০ |

প্রত্যাশী সংস্থার চাহিদানুযায়ী যৌক্তিক, উপযোগী ও প্রাসঙ্গিক গবেষণা প্রস্তাব-৩০ নম্বর

| বিবরণ | নম্বর |
|---|---|
| উপযোগী, প্রযোজ্য, যৌক্তিক ও প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ৩০ |
| যৌক্তিক ও প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ২০ |
| প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ১৫ |

খ. প্রতিষ্ঠানের ক্ষেত্রে

প্রতিষ্ঠানের গবেষণা কাজের অভিজ্ঞতা-৫ নম্বর

| অভিজ্ঞতার বিবরণ | নম্বর |
|---|---|
| ৪-৬ টি প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা | ২ |
| ৭-৯ টি প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা | ৩ |
| ১০-১২ টি প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা | ৪ |
| ১৩ টি তদূর্ধ্ব প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা | ৫ |

প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর গবেষণা কাজের অভিজ্ঞতা-৫ নম্বর

| অভিজ্ঞতার ব্যাপ্তি | নম্বর |
|---|---|
| ৩-৬ বছরের অভিজ্ঞতা | ২ |
| ৭-৯ বছরের অভিজ্ঞতা | ৩ |
| ১০-১২ বছরের অভিজ্ঞতা | ৪ |
| ১৩ তদূর্ধ্ব বছরের অভিজ্ঞতা | ৫ |

প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর পেশা-৫ নম্বর

| পেশার বিবরণ | নম্বর |
|---|---|
| শিক্ষক | ৩ |
| গবেষক | ৪ |
| শিক্ষক ও গবেষক | ৫ |
| অন্য কোন পেশা | ২ |

প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর প্রবন্ধের সংখ্যা-১০ নম্বর

| প্রবন্ধ সংখ্যা | নম্বর | |
|---|---|---|
| | জাতীয় | আন্তর্জাতিক |
| বই, প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ (৫ এর নিচে) | ৪ | ৫ |
| বই, প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ (৫-১০) | ৬ | ৭ |
| বই, প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ (১০-১৫) | ৮ | ৯ |
| বই, প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ (১৫ এর উপরে) | ৯ | ১০ |

### প্রতিষ্ঠানের সক্ষমতা -১৫ নম্বর

| সক্ষমতার বিবরণ | নম্বর |
|---|---|
| গবেষণা ক্ষেত্রের ভৌগোলিক বিস্তৃতি | ৪ |
| লজিস্টিকস (যানবাহন, ফটোকপিয়ার, স্ক্যানার ইত্যাদি) | ২ |
| গবেষকের সংখ্যা (১০ এর নিচে) | ২ |
| গবেষকের সংখ্যা (১০ থেকে উপরে) | ৪ |
| গবেষণা প্রতিষ্ঠানের সুনাম | ৩ |

### প্রতিষ্ঠানের গবেষণা প্রস্তাবের গুণগত মান (Research Design)-৩০ নম্বর

| মানের নাম | নম্বর |
|---|---|
| প্রমিত মান | ৩০ |
| উত্তম মান | ২৫ |
| চলতি মান | ২০ |

### প্রত্যাশী পুলিশ ইউনিটের চাহিদার উপযোগী, প্রযোজ্য, যৌক্তিক ও প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ গবেষণা প্রস্তাব -৩০ নম্বর

| বিবরণ | নম্বর |
|---|---|
| উপযোগী, প্রযোজ্য, যৌক্তিক ও প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ৩০ |
| যৌক্তিক ও প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ২০ |
| প্রাসঙ্গিক এবং সামঞ্জস্যপূর্ণ | ১৫ |

**বিঃদ্রঃ** বাংলাদেশ পুলিশের সঙ্গে গবেষণা কর্ম পরিচালনার ক্ষেত্রে গবেষক/গবেষণা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম-নীতি অনুসরণ সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবে।

### ২.৮ গবেষক/গবেষণা প্রতিষ্ঠানের প্রস্তাব গ্রহণের মানদণ্ড

কোনো গবেষণা প্রস্তাব বিবেচনার ক্ষেত্রে বর্ণিত মূল্যায়ন মানদণ্ডের ভিত্তিতে ন্যূনতম ৬০ নম্বর পেতে হবে।

### ২.৯ গবেষণা শিরোনাম নির্ধারণ

গবেষণা পরিচালনায় আগ্রহী পুলিশ ইউনিট কিংবা পুলিশ অফিসারগণ সংযোজনী-৩ মোতাবেক গবেষণা শিরোনাম নির্ধারণসহ গবেষণা প্রস্তাব এআইজি (প্ল্যানিং এন্ড রিসার্চ), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন। কোডবিহীন পুলিশ ইউনিট এবং ব্যক্তি পুলিশ অফিসারদের গবেষণা শিরোনাম/প্রস্তাবসমূহ পুলিশ হেডকোয়ার্টার্সের কোডের অধীন বিবেচিত হবে।